শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

যীশু এবং লাসার



লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest

অভিযোজন: Ruth Klassen

অনুবাদক: Manab Biswas

Alastair Paterson

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

মরিয়ম ও মার্থা উদ্বিগ্ন ছিল। তাদের ভাই লাসার খুব অসুস্থ ছিল। বোনেরা জানত লাসার বোধহয় শীঘ্রই মারা যাবে। সেইজন্য তারা যীশুকে ডাকল। বেথেনীর এই পরিবারটিকে যীশু ভালোবাসতেন।

যীশু যখন লাসারের বিষয়ে শুনলেন, তিনি তাঁর শিষ্যদের বললেন, “এই অসুস্থতা মৃত্যুতে শেষ হবে না”। যদিও যীশু অনেক ক্রোশ দূরে ছিলেন, তিনি জানতেন যে, লাসারের কী হতে চলেছে।



বেথেনি যাবার
আগে যীশু দু’দিন
অপেক্ষা করলেন। তারপর
তিনি কিছু বললেন, যা
শিষ্যদের মতিভ্রম করে দিল,
“লাসার মৃত, কিন্তু আমি
আনন্দিত যে, আমি
সেখানে ছিলাম
না, যাতে তোমরা বিশ্বাস র”। এইসব অদ্ভুত
কথার মানে কী?
যীশু কী করতে চাইছিলেন?

যীশু যখন
বেথেনীতে উপস্থিত
হলেন, তখন লাসার চারদিনের মৃত।
তার দেহ কবরস্থ কাপড়ে জড়িয়ে
এক গুহার কবরে
রাখা হয়েছিল।

মার্থা যীশুর সাথে দেখা করতে গিয়েছিল। যীশু বললেন, "তোমার ভাই আবার উঠবে"। মার্থা উত্তর দিল, "আমি জানি, শেষ দিনের পুনরুত্থানে উঠবে"। সে ভাবছিল, লাসারকে দেখার জন্য তাকে শেষ দিন পর্যন্ত অপেক্ষা করতে হবে। কিন্তু যীশুর কথার অন্য মানে ছিল।

যীশু মার্থাকে বললেন, “আমি পুনরুত্থান ও জীবন, যে আমাতে বিশ্বাস করে, সে মরলেও জীবিত হবে”। মার্থা যীশুকে বিশ্বাস করল। সে জানত যে, যীশু ঈশ্বরের পুত্র। কিন্তু তিনি কীভাবে লাসারকে সাহয্য করবেন?

লাসার মারা গিয়েছিল বলে প্রত্যেকে দুঃখিত ছিল। তার বোন মরিয়ম কাঁদছিল। সেখানে তার বন্ধুরা তাকে সান্ত্বনা দিচ্ছিল। যীশু কাঁদলেন।



যীশু লোকদের সাথে কবরের কাছে গেলেন। একটা বড়ো পাথর দরজার সামনে চাপা দেওয়া ছিল।



যীশু আদেশ দিলেন, “পাথর সরিয়ে দাও”। মার্থা উত্তর দিল, “প্রভু, এখন ওখানে দুর্গন্ধ, চারদিন হয়ে গেছে সে মারা গেছ”।


যীশুর
আদেশে লোকেরা
পাথরটি সরিয়ে দিল। তারপর
যীশু তাঁর স্বর্গস্থ পিতার কাছে
প্রার্থনা করলেন। যীশু একটি
অলৌকিক কাজ সম্পূর্ণ করতে
যাবেন, যা লোকেরা জানতে পারবে
যে, ঈশ্বর যীশুকে পাঠিয়েছিলেন।


যীশু ডাকলেন, “লাসার, বেরিয়ে এস”। লোকেরা হয়তো অবাক হয়ে কবরের দিকে তাকিয়েছিল। যীশু কি একজন মৃত মানুষকে জীবন দিতে পারবে?

হ্যাঁ,
লাসার
কবর থেকে
বেরিয়ে এল, সে
কবরের কাপড়
দিয়ে জড়ানো
ছিল – জীবন্ত!

যীশু বললেন, “ওকে খুলে যাও ও যেতে দাও”।

ওখানে কি আনন্দই না ছিল! চোখের জল আনন্দেতে পরিণত হল। যীশু তাঁর কথা রেখেছেন। লাসার আবার জীবন পেল। একমাত্র ঈশ্বরের পুত্রই মৃত মানুষকে জীবন দিতে পারেন।

যত লোক এই অলৌকিক কাজ দেখেছিল, তারা যীশুকে বিশ্বাস করল, কিন্তু কিছু লোক তাঁর শত্রুকে জানাল। মন্দিরের নেতা, হিংসাবশত যীশুকে হত্যা করার পরিকল্পনা করল। যীশু যখন তা জানতে পারল, কিছু সময়ের জন্য তিনি চলে গেলেন।

যীশু এবং লাসার

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যোহন ১১

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬